

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাণিজ্য মন্ত্রণালয়
জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, রাজশাহী
জেলা
জেলা কার্যালয়ের অফিস
dnrcrp.rajshahi.gov.bd

নম্বর ২৬.০৪.৮১০০.৫০২.১৭.০০৩.১৯.৫২

তারিখ ৭ পৌষ ১৪২৬

২২ ডিসেম্বর ২০১৯

প্রেস বিজ্ঞপ্তি

বিষয়: ২১ ডিসেম্বর ২০১৯ তারিখে জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের রাজশাহী জেলা কার্যালয় কর্তৃক রাজশাহী মহানগরের চন্দ্রিমা থানায় অভিযান পরিচালনার তথ্য

বাণিজ্য মন্ত্রণালয়ধীন জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের রাজশাহী জেলা কার্যালয়ের সহকারী পরিচালক জনাব অপূর্ব অধিকারী এর নেতৃত্বে গত ২১ ডিসেম্বর ২০১৯ তারিখ রাজশাহী মহানগরের চন্দ্রিমা থানাধীন বউ বাজার ও আসাম কলোনী এলাকায় অভিযান পরিচালনা করা হয়।

চন্দ্রিমা থানাধীন বউ বাজার এলাকায় বাটখারায় কারচুপির অপরাধে ভোক্তা অধিকার সংরক্ষণ আইন, ২০০৯ এর ধারা ৪৭ মোতাবেক ফার্নুকের মাছের দোকানকে ২,০০০/- (দুই হাজার) টাকা এবং আসাম কলোনী এলাকায় সেবা গ্রহীতার জীবন বা নিরাপত্তা বিপন্ন হইতে পারে এমনভাবে গ্যাস সিলিন্ডার ব্যবসা পরিচালনা করার অপরাধে ভোক্তা অধিকার সংরক্ষণ আইন, ২০০৯ এর ধারা ৫২ মোতাবেক দেলোয়ার ট্রেডার্সকে ৩,০০০/- (তিন হাজার) টাকা ও বিভিন্ন মেয়াদোত্তীর্ণ ঔষধ বিক্রয়ের জন্য সংরক্ষণ করার অপরাধে ভোক্তা অধিকার সংরক্ষণ আইন, ২০০৯ এর ধারা ৫১ মোতাবেক নিলয় ফার্মেসীকে ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা, বিভিন্ন মেয়াদোত্তীর্ণ পণ্য বিক্রয়ের জন্য সংরক্ষণ করার অপরাধে ভোক্তা অধিকার সংরক্ষণ আইন, ২০০৯ এর ধারা ৫১ মোতাবেক মোশাররফ পান স্টোরকে ২,০০০/- (দুই হাজার) টাকা জরিমানা আরোপ করা হয় এবং তাদেরকে ভোক্তা অধিকার বিরোধী কার্য ও অপরাধ সম্পর্কে সচেতন করা হয়। উপস্থিত ফ্রেতা-ভোক্তাগণের মাঝে সচেতনতামূলক লিফলেট ও প্যাম্ফলেট বিতরণ করা হয়।

গত ২১ ডিসেম্বর ২০১৯ তারিখের অভিযানে চারটি ব্যবসা প্রতিষ্ঠানকে সর্বমোট ১২,০০০/- (বার হাজার) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়েছে। অভিযানে সহায়তা প্রদান করেছেন এ কার্যালয়ের অফিস সহকারী ও একজন পিওন এবং সার্বিক নিরাপত্তা বিধানে রাজশাহী মেট্রোপলিটন পুলিশ-এর একটি টিম সহায়তা প্রদান করেন। জনস্বার্থে এ অভিযান অব্যাহত থাকবে।

২২-১২-২০১৯

অপূর্ব অধিকারী

সহকারী পরিচালক

ফোন: ০৭২১-৭৭৫৪৬৩

ইমেইল: ad-

rajshahi@dnrcrp.gov.bd

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) জেলা ম্যাজিস্ট্রেট, জেলা প্রশাসকের কার্যালয়, রাজশাহী।

২) উপপরিচালক, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, বিভাগীয় কার্যালয়, রাজশাহী।

৩) অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, এডিএম, জেলা প্রশাসকের কার্যালয়, রাজশাহী।

৪) ব্যক্তিগত সহকারী, মহাপরিচালকের দপ্তর, জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৫) সম্পাদক/বার্তা সম্পাদক,.....,রাজশাহী (আপনার বহুল প্রচারিত দৈনিকে প্রচারের অনুরোধ করা হলো)।

৬) অফিস কপি।